

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর, সংগ্রহ বিভাগ,
১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
Website: dgfood.gov.bd

নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৭.২৪১(পাট-২).২০-৪৫১/৩

তারিখ: ০৪/২০২৩ খ্রি।

বিষয়ঃ বস্তা গ্রহণ কেন্দ্র পরিদর্শনের নিমিত্ত কমিটি গঠন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে গত ০৯.০২.২০২৩ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকায় খাদ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে (২য় তলা) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় এর সভাপতিত্বে বস্তা ক্রয়ের প্রশাসনিক অনুমোদন, বাজেট সংস্থান, দরপত্র আহ্বান, চাহিদা ও অন্যান্য বিষয় সম্পর্কিত একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় বস্তা গ্রহণের ক্ষেত্রে কোন অভিযোগ পাওয়া গেলে অথবা দৈবচয়নের ভিত্তিতে যাচাইয়ের প্রয়োজনীয়তা দেখা দিলে সংশ্লিষ্ট বস্তা গ্রহণ কেন্দ্র (এলএসডি, সিএসডি ও সাইলো) পরিদর্শনের জন্য একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি মহাপরিচালক মহোদয় কর্তৃক নির্দেশিত কেন্দ্রসমূহে পরিদর্শন করবেন। কমিটির গঠন নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম ও পদবি	কমিটিতে অবস্থান
১।	মোঃ সেলিমুল আজম, অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।	সভাপতি
২।	মোঃ রিয়াজুল আলম, উপপরিচালক (সাইলো শাখা), চলাচল সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।	সদস্য
৩।	মোঃ আব্দুল মালেক, সহকারী উপপরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।	সদস্য সচিব

কমিটির কার্যপরিধিঃ

- (১) বস্তা সরবরাহ কেন্দ্রে চুক্তিপত্রের বিনির্দেশ অনুযায়ী বস্তা সংগ্রহ কার্যক্রম পর্যবেক্ষণ করবেন;
- (২) বস্তা সংগ্রহ কার্যক্রম পর্যবেক্ষণের সময় বস্তার ওজন, বস্তায় সুতার বুনন, বস্তার লট ও বাস্তিলে বস্তার সংখ্যা ও ওজন, বস্তার আর্দ্রতা বিনির্দেশ সম্মত কি না যাচাই করবেন;
- (৩) বস্তা গ্রহণ কেন্দ্রের রেকর্ড পত্র যেমন বস্তা রেজিস্টার, এল. ইউ. এ, গল ও সেন্ট্রাল লেজার যাচাই করবেন;
- (৪) বস্তা গ্রহণের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের চুক্তিপত্র, বস্তার বিনির্দেশ সম্পর্কে অবগত কি না যাচাই করবেন;
- (৫) যথাসময়ে প্রত্যয়ন পত্র ইস্যু করা হয়েছে কি না যাচাই করবেন;
- (৬) এছাড়াও বস্তা গ্রহণ সংক্রান্ত অন্যান্য নির্দেশনা বাস্তবায়ন করবেন।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

বিতরণঃ

- ১। মোঃ সেলিমুল আজম, অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। মোঃ রিয়াজুল আলম, উপপরিচালক (সাইলো শাখা), চলাচল সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। মোঃ আব্দুল মালেক, সহকারী উপপরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৭.২৪১(পাট-২).২০-৪৫১/৩(১০)

সদয় জ্ঞাতার্থে/কাযার্থেঃ

- ১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, (সংগ্রহ/চলাচল/হিসাব অর্থ/সববি/পউকা), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। আঞ্চলিক, খাদ্য নিয়ন্ত্রক, সকল।
- ৪। সাইলো অধীক্ষক, সকল।
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সকল।
- ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য।
- ৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, খাদ্য অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়কে অবহিত করার জন্য।)
- ৮। অফিস কপি।

মোঃ সালেহ আজিজ
সহকারী খাদ্য নিয়ন্ত্রক
সংযুক্তিঃ সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

তারিখ: ০৪/০৪/২০২৩ খ্রি।

সহকারী খাদ্য নিয়ন্ত্রক
সংযুক্তিঃ সংগ্রহ বিভাগ

০৪/০৪/২০২৩